



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-১২/১১/২০২০খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক দালাল চক্রের ০২ সদস্য গ্রেফতার



অদ্য ১২/১১/২০২০ খ্রিঃ রংপুর মেট্রোপলিটন কোতয়ালী থানা এলাকার ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের সামনে থেকে দালাল চক্রের ০২ সদস্যকে গ্রেফতার করা হয়।

ঘটনার বিবরণীতে জানা যায়, রংপুর মহানগরী এলাকার ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার গুলোতে প্রত্যহ যেসকল অসুস্থ রোগী আসে তারা নানাভাবে দালাল চক্রের সম্মুখীন হচ্ছে এবং এই দালাল চক্রের সদস্যরা চিকিৎসা নিতে আসা রোগী ও তাদের লোকজনদের সাথে বাগবিতন্ডের সৃষ্টি করছে এবং জোড় করে/বিভিন্ন প্রলোভন দেখিয়ে এক ক্লিনিক থেকে অন্য ক্লিনিকে নিয়ে যাওয়ার চেষ্টা করছে।

উক্ত ঘটনার প্রেক্ষিতে, অদ্য ১২/১১/২০২০ খ্রিঃ গোপন সংবাদের ভিত্তিতে রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ এর অতিঃ উপ পুলিশ কমিশনার (ডিবি) জনাব উত্তম প্রসাদ পাঠক এর তত্ত্বাবধানে এবিএম ফিরোজ ওয়াহিদ এর নেতৃত্বে এসআই(নিঃ) মোঃ আতিয়ার রহমান, এসআই (নিঃ) মোঃ তসলিম উদ্দিন আহমেদ, কথ/১০৫১ মোঃ সোহরাব আলী, কথ/১০৬৭ আনোয়ার, কথ/ ৩৮৬ আসলামসহ কোতয়ালী থানাধীন পপুলার-১ ও আইডিয়াল ডায়াগনস্টিক সেন্টারের সামনে অভিযান চালিয়ে অসুস্থ রোগী ও তাদের লোকজনের বাগবিতন্ডা সৃষ্টিকারী দালাল চক্রের দুই সদস্যকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীদ্বয় হলো- ১। মোঃ খোরশেদ আলম রাসেল (৩৮), পিতা- মৃত মাহবুবর রহমান উদ্দিন, সাং- ধাপ ভগিলেন, থানা- কোতয়ালী, আরপিএমপিএমপি রংপুর এবং ২) মোঃ সুজন (২২), পিতা- ইউনুছ আলী সাং- ভেলাগুরি লালমনিরহাট, এমপি জাহাজ কোম্পানি রংপুর।

পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে আরপিএমপি, কোতয়ালী থানা, ননএফআইআর প্রসিকিউশন নং- ৬৪০/৬৪১ ধারায় রংপুর মহানগর আইন ২০১৮ এর ৭৮ ধারা দাখিল করা হয়।

১২.১১.২০২০

(উত্তম প্রসাদ পাঠক)

অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার

(ডিবি এন্ড মিডিয়া)

পক্ষে/পুলিশ কমিশনার

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর

মোবাইল-০১৭২০-০৭৩৬৬১